

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী

সভাপতি : মাহফুজা আখতার,  
সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়  
সভার তারিখ : ০৩/০৬/২০২১ খ্রিস্টাব্দ  
সময় : বেলা ১১:৩০ টা  
সভার স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্মে  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

২.০ ভারুয়াল সভায় সংযুক্ত সকলকে সভাপতি কর্তৃক স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। এ শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। সভাপতির নির্দেশ মোতাবেক অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যবস্থাপনা) সভার উদ্দেশ্য ও প্রেক্ষাপট তুলে ধরেন এবং উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ জানান।

২.১ তৎপ্রেক্ষিতে কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখার উপসচিব মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, উক্ত নির্দেশিকা অনুসরণ করে এবং সকলের মতামতের ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ( ২০২১-২০২২) এর খসড়া প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে খসড়া কর্মপরিকল্পনার উপর কিছু পর্যবেক্ষণসহ মতামত দেয়া হয়। সে আলোকে বর্ণিত কর্মপরিকল্পনা সংশোধন করে প্রস্তুত করা হয় যা সংযুক্ত রয়েছে (পতাকা-ক)। সভায় সংশোধিত খসড়া কর্মপরিকল্পনা উপস্থাপন করা হলে উপস্থিত সদস্যগণ আলোচ্য বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন।

৩.০. বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

- (ক) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া চূড়ান্ত করা হলো;
- (খ) ২০২১-২০২২ অর্থবছরের চূড়ান্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এপিএ সাথে সংযুক্ত করে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে ;
- (গ) মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করে ০৯.০৬.২০২১ সময়ের মধ্যে এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে;
- (ঘ) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে ১০-৬-২০২১ তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (ঙ) সকল কর্মকর্তাকে জুম প্ল্যাটফর্মের মাধ্যমে সংশ্লিষ্ট কার্যক্রম পরিদর্শন/মনিটরিং করে প্রতিবেদন প্রদান করতে হবে।

৪.০. সভায় সভাপতি সকলকে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের পদক্ষেপ আরো জোরদার করার জন্য সকলকে অনুরোধ জানান এবং জুম প্ল্যাটফর্মে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
০৬-০৬-২০২১  
মাহফুজা আখতার  
সচিব  
সমাজকল্যাণ মন্ত্রণালয়

46


স্মারক নম্বর - ৪১.০০.০০০০.০২৭.০৫.০০১.২১-২১৭

২৩ জ্যৈষ্ঠ ১৪২৮

তারিখ: ০৬ জুন ২০২১

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা
৫. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ন ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৭. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. উপসচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিস্টেম এনালিস্ট (আইসিটি ও ইনোভেশন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
১. ৬. ২০২১  
(খাদিজা নাজনীন)  
উপসচিব

ফোন: ৯৫১৪০৯৩

E-mail: publication@msw.gov.bd